

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, যশোর
(আইসিটি শাখা)
www.jessore.gov.bd

স্মারক সংখ্যাঃ ০৫.৪৪.৪১০০.০২০.০৬.০০২.২০- ৩৯

তারিখ: ২৫ জুন ২০২০

“প্রেস রিলিজ”

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর ও এটুআই প্রোগ্রাম এর সহযোগিতায় এবং জেলা প্রশাসন, যশোর এর উদ্যোগে “অনলাইন ডিজিটাল মেলা ২০২০” আয়োজন করা হয়েছে। বর্তমান করোনা (কোভিড-১৯) সংক্রমন পরিস্থিতি বিবেচনায় যশোর জেলার নাগরিক সেবা প্রদান কার্যক্রমকে ডিজিটাল পদ্ধতিতে প্রদানের উদ্দেশ্যে জাতীয় তথ্য বাতায়নের মাধ্যমে নাগরিকদের কাছে উপস্থাপনের নিমিত্ত আগামী ২৯,৩০ জুন ও ০১ জুলাই ২০২০ অনলাইন ডিজিটাল মেলা ২০২০ বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে যা সরকারি সেবা গ্রহণের ক্ষেত্রে সেবাদান কার্যক্রমকে সহজ ও নিরাপদ করবে। এ লক্ষ্যে আগামী ২৮/০৬/২০২০ তারিখ বেলা ১২.৩০ ঘটিকায় জেলার গণমাধ্যম কর্মীদের সাথে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ হতে জুম অ্যাপসের (zoom apps) মাধ্যমে অনলাইন ডিজিটাল মেলা ২০২০ এর উপর প্রেস ব্রিফিং এবং আগামী ৩০/০৬/২০২০ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় “আগামীর বাংলাদেশ প্রযুক্তি নির্ভর ডিজিটাল বাংলাদেশ” বিষয়ক সেমিনারের আয়োজন করা হয়েছে। এছাড়া আগামী ২৯, ৩০ জুন ও ০১ জুলাই, ২০২০ জেলা পর্যায়ে সরকারের সকল ডিজিটাল কার্যক্রমের তথ্যাদি jessore.gov.bdতে upload করা হবে। একজন দেশপ্রেমিক সচেতন ও দায়িত্বশীল নাগরিক হিসেবে উক্ত webportal টি visit করে অনলাইন ডিজিটাল মেলা ২০২০ এর সফল বাস্তবায়নে সহযোগিতা করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

মোহাম্মদ শফিউল আরিফ
জেলা প্রশাসক

যশোর।

ফোন: ০৪২১-৬৮৫০০

ই-মেইল: dcjessore@gmail.com